গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.৪৫.০১৬.২০২২- ৬৫১ তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি.

**বিষয়: মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের "জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১" অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং প্রাথমিক বিদ্যালয়সমূহে (যেসকল প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকদের ধারাবাহিকভাবে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হবে। এরই অংশ হিসেবে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ থেকে ৩১ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং প্রাথমিক বিদ্যালয়সমূহের (যেসকল প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়) সকল শিক্ষককে অনলাইনে মুক্তপাঠ ই-লার্নিং প্লাটফর্মে যুক্ত হয়ে **'জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনলাইন প্রশিক্ষণ'** বিষয়ক কোর্সটি সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এই প্রশিক্ষণটি বাধ্যতামূলক এই প্রশিক্ষণ ছাড়া কোন শিক্ষক সরাসরি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।

**বি:দ্র : যেসকল শিক্ষক প্রশিক্ষক হওয়ার জন্য আবেদন করেছেন তাদের অবশ্যই আগামী ০৬ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে এই অনলাইন প্রশিক্ষণটি সম্পন্ন করতে হবে।**

সংযুক্তি
১) অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

স্বা/
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

বিতরণ (জ্যষ্ঠতার ক্রমানুসারে নয়)
১.জেলা শিক্ষা অফিসার (সকল)
২.উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৩.মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান (সকল, মাধ্যমিক/কারিগরি/মাদ্রাসা/প্রাথমিক)

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.৪৫.০১৬.২০২২- ৬৫১ তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি.

**সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , মিরপুর, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা ।
৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ,মতিঝিল, ঢাকা।
৫. পরিচালক (সকল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ।
৬. প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি বিভাগ ।

৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল)।

৮. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৯. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

১০. উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল) ।

১১. মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ।

১২. সংরক্ষণ নথি ।

২৯.০৯.২০২২

ড. নীহার পারভীন

সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৪)

## অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ই-লার্নিং প্ল্যাটফর্ম (dshe.muktopaath.gov.bd)-এ ভিজিট করুন এবং **'জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনলাইন প্রশিক্ষণ'** কোর্সটিতে ক্লিক করে কোর্সে প্রবেশ করুন। অথবা সরাসরি কোর্সে যেতে muktopaath.gov.bd/course-details/898/ লিংকে ভিজিট করুন।

২. কোর্সে প্রবেশ করার পর **'কোর্সটি শুরু করুন'** বাটনে ক্লিক করে কোর্সে নিবন্ধন/লগইন করতে হবে। আপনি যদি ইতোমধ্যে মুক্তপাঠে নিবন্ধিত হয়ে থাকেন তাহলে সরাসরি আপনার মুক্তপাঠ ইউজার আইডি (রেজিস্ট্রেশনে ব্যবহৃত ইমেইল বা ফোন নম্বর) এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।

৩. আপনি যদি পূর্বে মুক্তপাঠে নিবন্ধিত না থাকেন তাহলে এখানে **'রেজিস্ট্রেশন করুন'** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

৪. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার মোবাইল/ইমেইল যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।

৫. এছাড়াও, এই কোর্সে অংশগ্রহণের জন্য শিক্ষক হিসেবে আপনার পিডিএস আইডি এবং জন্মতারিখ (সার্টিফিকেট অনুযায়ী) প্রয়োজন হবে। পিডিএস আইডি না থাকলে/ভুলে গেলে/নতুন আইডি সংগ্রহ করতে ভিজিট করুন emis.gov.bd । এ সংক্রান্ত সহায়তার জন্য EMIS ওয়েবসাইটের নোটিশ বোর্ডে **'নির্দেশিকা'** দেখুন।

৬. পিডিএস আইডি ভেরিফিকেশনের ক্ষেত্রে একজন শিক্ষক একবারই পিডিএস আইডি ব্যবহার করতে পারবেন। একাধিক একাউন্ট তৈরি বা একই আইডি বারবার ব্যবহার করা যাবে না।

৭. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার সার্টিফিকেটের নামটি সঠিকভাবে লিখতে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।

৮. এই কোর্সে মোট ৮টি মডিউল ও প্রত্যেকটি মডিউলের অভ্যন্তরে ৩-৫টি পাঠ/লেসন রয়েছে। প্রতিটি পাঠে রয়েছে নির্ধারিত বিষয়বস্তু যেমন: পূর্ব অভিজ্ঞতা প্রশ্নমালা, ভিডিও কনটেন্ট, পাঠ সহায়িকা (পিডিএফ), স্ব-মূল্যায়ন (কুইজ), মতামত ও আলোচনা। প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে পাঠটি সম্পন্ন হবে এবং ডান পাশে সবুজ টিকমার্ক দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।

৯. প্রত্যেকটি পাঠ ধাপে ধাপে সম্পন্ন করে কোর্সটি সম্পন্ন করতে হবে, একটি পাঠ সম্পন্ন না করে পরের পাঠে যাওয়া যাবে না। সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেট আবেদন করতে পারবেন।

**১০. এই কোর্সের সকল ভিডিও নির্দেশিকা কনটেন্ট, পাঠসহায়িকা, কুইজ ইত্যাদি মাউশি অধিদপ্তর, এনসিটিবি এবং এটুআই এর মাধ্যমে নির্মিত। বিনা অনুমতিতে কোর্সের কোন ভিডিও, পাঠসহায়িকা, কুইজের প্রশ্নোত্তর সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক/ইউটিউব) বা অন্য কোন মাধ্যমে শেয়ার করা নিষিদ্ধ। কোনো ব্যবহারকারী এরূপ কর্মকান্ডে জড়িত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১১. কোর্স সম্পন্ন করতে কোন কারিগরি সমস্যার সম্মুখীন হলে মুক্তপাঠের সাথে সংযুক্ত তালিকায় উল্লিখিত নিজ জেলার শিক্ষকদের সহায়তা নিতে পারবেন ।

১২. এছাড়া মুক্তপাঠের ইউজার ম্যানুয়াল দেখতে ভিজিট করুন- muktopaath.gov.bd/usermanual

১৩. মুক্তপাঠ টিমের সাথে যোগাযোগ (বিস্তারিত কোর্স পাতায় রয়েছে):

- ✓ ইমেইল: info.muktopaath@gmail.com
- ✓ ফোন নম্বর: 01302879227, 01941411346, 01713243667, 01572051952
  (সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত)

ফেসবুক পেইজ: www.facebook.com/muktopaath.gov.bd